



## সংবাদ বিজ্ঞপ্তি

# বিমসটেক অঞ্চলের সুশীল সমাজভিত্তিক নতুন আঞ্চলিক নেটওয়ার্কের আনুষ্ঠানিক আত্মপ্রকাশ বঙ্গোপসাগরীয় অঞ্চলে গণমানুষের মধ্যে যোগাযোগ বৃদ্ধির আশা সুশীল সমাজের

ঢাকা, ০৩ নভেম্বর ২০১৬। আজ রাজধানী ঢাকায় বিমসটেক সদস্য ভুক্ত দেশগুলোর সুশীল সমাজ সংগঠনের নতুন একটি আঞ্চলিক নেটওয়ার্ক আত্মপ্রকাশ করেছে। Bay of Bengal Forum (BBForum) নামের সংগঠনটির আত্মপ্রকাশ উপলক্ষে আজ ঢাকাস্থ আমেরিকান সেন্টার এবং বেসরকারি প্রতিষ্ঠান কোস্ট ট্রাস্ট ধানমন্ডির এডওয়ার্ড কেনেডি সেন্টারে (Edward M Kennedy Center) এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করে। আয়োজকরা জানান, এই নেটওয়ার্কের মূল উদ্দেশ্য এই এলাকার গণমানুষের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করা এবং গণমুখী নীতি প্রণয়নে এই এলাকার সরকারলোর সঙ্গে কাজ করা। একই অনুষ্ঠানে “Advancing Sustainable Socio-Economic Development through Education in the Bay of Bengal Region” নামের একটি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। বিমসটেক সদস্য দেশসমূহের মার্কিন ফুলব্রাইট এলামনাইদের শিক্ষা বিষয়ক বিভিন্ন প্রবন্ধ স্থান পেয়েছে এই বইতে। আয়োজকরা জানান নেটওয়ার্কটির ওয়েবসাইট [www.bbforum.net](http://www.bbforum.net) থেকে বিনামূল্যে এই বইটি ডাউনলোড করা যাবে।

আমেরিকান সেন্টারের কালচারাল এফেয়ার্স অফিসার জর্জ ম্যাসথুস প্রকাশনা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন সেন্টার ফর পলিসি ডায়ালগের নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান। এতে বিষয়ভিত্তিক আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক শরীফুল ইসলাম, একই বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. লায়লুফার ইয়াসমিন এবং আন্তর্জাতিক সংস্থা আইইউসিএনের ড. হাসিব ইরফানুল্লাহ। বেশ কয়েকজন মার্কিন ফুলব্রাইট এলামনাই একং কোস্ট ট্রাস্টের কয়েকজন কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন।

স্বাগত বক্তব্যে জর্জ ম্যাসথুস বলেন, এই প্রকাশনাটা কিছুটা বিলম্বিত হয়েছে। ঢাকায় সন্ত্রাসী হামলার কারণেই এই বিলম্ব। তবে আমরা বে অব বেঙ্গল ফোরাম নামের নতুন একটি উদ্যোগ নিতে পেরেছি। আশা করছি এই ফোরামের মাধ্যমে এই এলাকার সুশীল সমাজসহ গণমানুষের যোগাযোগ বাড়বে।

কোস্ট ট্রাস্টের সৈয়দ আমিনুল হক এই বই প্রকাশনাকে স্বাগত জানিয়ে আশা প্রকাশ করেন যে, এই প্রকাশনা বিমসটেকভুক্ত দেশগুলোর শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে জানতে সহায়তা করবে। এটি রাষ্ট্র পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে যোগাযোগ বৃদ্ধিতেও সহায়ক ভূমিকা পালন করতে পারে।

## বার্তা প্রেরক

সৈয়দ আমিনুল হক, মোবাইল: ০১৭১০৩২৮৮১৫

মোস্তাফা কামাল আকন্দ, মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১